

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঈশ্বরদী, পাবনা
www.acl.ishurdi.pabna.gov.bd

স্মারক নং - ৩১.৪৩.৭৬৩৯.০০০.০০.০৩৫.২৪- ২৬৪

তারিখ :- ২৭/০২/২০২৪ খ্রি।

‘প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে একসনা ইজারা বন্দোবস্ত সংক্রান্ত বিজ্ঞপ্তি’

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলাধীন ঈশ্বরদী উপজেলার অন্তর্গত ১২৬ নং ডিক্রির চর তালবাড়ীয়া মৌজার ক্রোকাবদ্ধ নিম্নবর্ণিত ক, খ এবং গ তফসিলভুক্ত সম্পত্তি বাংলা ১৪৩১ সনের জন্য প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে একসনা বন্দোবস্ত প্রদান করা হবে। আগ্রহী ব্যক্তিগণকে আগামী ০১-০৪-২০২৪ খ্রি. তারিখে সকাল ১০.৩০ ঘটিকার মধ্যে ঈশ্বরদী উপজেলা ভূমি অফিসে অফিস চলাকালীন সময়ে ২০/- (বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্র দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত নিলাম ডাক আগামী ০১/০৪/২০২৪ খ্রি./১৮-১২-১৪৩০ বঙ্গাব্দ তারিখে বেলা ১২.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। আগ্রহী ব্যক্তিগণকে যথাসময়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, ১ম বারের নিলাম ডাকে বিধি মোতাবেক সন্তোষজনক দর পাওয়া না গেলে ‘খ’ তফসিল বর্ণিত দিন পঞ্জিকায় উল্লিখিত তারিখ সমূহে পর্যায়ক্রমে নিলাম ডাক কার্যক্রম পরিচালিত হবে।

ঃ তফসিল সম্পত্তি :


- ‘ক’ একই মৌজার মধ্যে স্ট ১১৮.১২ একর কোল।
‘খ’ ডিক্রির চর তালবাড়ীয়া মৌজার ক্রোকাবদ্ধ পতিত চাষযোগ্য আনুমানিক ১০০.৫৭ একর জমি
‘গ’ একই মৌজার মধ্যে অবস্থিত ঘাস ও কাঁশবন ৯৩৯.৫৯ একর।

‘ঘ’ তফসিল

ক্রঃ নং	নিলাম ডাকের পর্যায়	নিলাম ডাকের তারিখ ও সময়	মন্তব্য
০১	প্রথম পর্যায়	০১/০৪/২০২৪ খ্রি./১৮/১২/১৪৩০ বঙ্গাব্দ। বেলা ১২.০০ ঘটিকা।	
০২	দ্বিতীয় পর্যায়	০৮/০৪/২০২৪ খ্রি./২৫/১২/১৪৩০ বঙ্গাব্দ। বেলা ১২.০০ ঘটিকা।	
০৩	তৃতীয় পর্যায়	২২/০৪/২০২৪ খ্রি./০৯/০১/১৪৩১ বঙ্গাব্দ। বেলা ১২.০০ ঘটিকা।	

ঃ অস্থায়ী ইজারা বন্দোবস্তের শর্তাবলী নিম্নরূপ :

- ০১। বছরের যে কোন সময় প্রদত্ত ইজারা ১লা বৈশাখ বাংলা ১৪৩১ সন হতে কার্যকর হবে এবং ৩০ শে চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত এর মেয়াদ বলবৎ থাকবে।
০২। সায়রাত সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।
০৩। ‘ক’ ‘খ’ ও ‘গ’ এর তফসিল বর্ণিত সম্পত্তির কোন ক্ষতি সাধন করা যাবে না বা সাবলীজ দেয়া যাবে না।
০৪। সরকারি ডাকমূল্য নিলাম টেবিলে নির্ধারণ করা হবে।
০৫। সর্বোচ্চ ডাককারীকে ডাকমূল্যের ৫০% টাকা ডাক টেবিলে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ৫০% টাকা ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে এবং গৃহিত ডাকমূল্যের সরকারি ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা দিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
০৬। নিলাম ডাককারীকে জামানত স্বরূপ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে।
০৭। সর্বোচ্চ ডাককারীর নিলাম ডাকে অংশগ্রহণ করে পরে তা প্রত্যাহার করলে সেক্ষেত্রে তার দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।
০৮। ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল/স্থগিত/ডাকের পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
০৯। নিলাম ডাকের ধার্য তারিখে সকাল ১০.৩০ ঘটিকার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত সময়ের পূর্বেই আবেদনপত্র দাখিল করতে হবে।



(টি.এম. রাহসিন কবির)
সহকারী কমিশনার (ভূমি)
ঈশ্বরদী, পাবনা

ও

রিসিভার ক্রোকাবদ্ধ সম্পত্তি